



সুখবর



www.sukhabar.in

SUKHABAR • 3 FEBRUARY 2021 • Wednesday • কলকাতা • ২০ মাঘ ১৪২৭ • বুধবার • ৩ ফেব্রুয়ারি ২০২১ • দাম : ৩.০০ টাকা

নিখোঁজ যুবক উদ্ধার

সুভাষচন্দ্র দাশ, ক্যানিং : অন্য রাজ্যে কাজে গিয়ে নিখোঁজ হয়েছিলেন দক্ষিণ ২৪ পরগনা জেলার ক্যানিং থানার নিকারীঘাটা গ্রাম পঞ্চায়েতের দুমকি পূর্ব পাড়ার বাসিন্দা রামকৃষ্ণ প্রামাণিক (২০)। প্রায় ১৫ বছর পর তাঁকে উদ্ধার করে পরিবারের হাতে তুলে দিলেন মুম্বাইয়ের শ্রদ্ধা পুনর্বাসন ফাউন্ডেশন নামে এক স্বেচ্ছাসেবী সংস্থা। জেলার আরো ২ নিখোঁজকে তাঁদের পরিবারের হাতে তুলে দেওয়া হয়েছে। জানা গেছে, রামকৃষ্ণ প্রামাণিক প্রায় ১৫ বছর আগে রাজমিস্ত্রির কাজ করতে কর্ণাটকের ম্যাঙ্গালোরে গিয়েছিলেন। সেখানে এক সড়ক দুর্ঘটনায় মাথায় মারাত্মক চোট পান। পরে মানসিক ভারসাম্য হারান। ফুটপাথে থাকত। পরিবারের লোকেরা কর্ণাটকে গিয়ে কোনো হদিশ না পেয়ে ফিরে আসেন। ছেলের কথা ভেবে দুরারোগ্য রোগে আক্রান্ত হন মা অনিমা প্রামাণিক। 'শ্রদ্ধা পুনর্বাসন ফাউন্ডেশন' নামে ওই স্বেচ্ছাসেবী সংস্থার উদ্যোগে শুরু হয় চিকিৎসা। ধীরে ধীরে স্বাভাবিক হয়ে নিজের নাম ঠিকানা বলে সে। রবিবার রামকৃষ্ণকে সঙ্গে নিয়ে ক্যানিংয়ের দুমকি গ্রামে আসেন সংস্থার সদস্যরা। তাঁরা পরিবারের লোকদের হাতে রামকৃষ্ণকে তুলে দেন।